গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ডিমলা,নীলফামারী
www.dimla.nilphamari.gov.bd

# ডিমলা উপজেলার ১৪৩১ বাংলা সনের জন্য হাট-বাজার ইজারা দরপত্র বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং -০১ (১ম - ৩য় বার )

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে নীলফামারী জেলার ডিমলা উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজার বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছরের জন্য সরকারী নীতিমালা অনুযায়ী ইজারা প্রদানের নিমিত্তে (প্রতিটি হাট-বাজার পৃথক ভাবে) ইজারা গ্রহণে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্নবর্ণিত সময়সূচি ও শর্তাবলীর ভিত্তিতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

## হাট-বাজারের নাম, দরপত্র দাখিলের তারিখ এবং কর্মসূচি ঃ

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | দরপত্র দাখিলের তারিখ | | | দরপত্র গ্রহণের সময় | | দরপত্র বাক্স খোলার সময় | সরকারী মূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১ম বার | ২য় বার | ৩য় বার | হতে | পর্যন্ত | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| ১ | বাবুর হাট বাজার | ২০/০২/২৪ | ১৪/০৩/২৪ | ২৮/০৩/২৪ | সকাল ৯.০০টা | দুপুর ১.০০টা | বিকাল ৪.০০ টা | ৫৬,১১,৭০৫/- | ১২,০০০/- |
| ২ | শুটিবাড়ী হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩৬,৯৫,৩৪০/- | ৮,০০০/- |
| ৩ | চাপানীর হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৭৬,৯০,৩৪৮/- | ১৬,০০০/- |
| ৪ | শালহাটী হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩৯,২৬৯/- | ৫০০/- |
| ৫ | কালীগঞ্জ হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২৯,২১৫/- | ৫০০/- |
| ৬ | আরশাদগঞ্জ হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২,৬৮৫/- | ৫০০/- |
| ৭ | টুনির হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৭,১৫,৬৭৬/- | ২,২০০/- |
| ৮ | ঠাকুরগঞ্জ হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৭,৯৮,৩৩৯/- | ২,২০০/- |
| ৯ | খোড়ার ডাঙ্গার হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৪৪,২২,৩২০/- | ৯,২০০/- |
| ১০ | খগার হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩,৮৯,৪৪৪/- | ১,৪০০/- |
| ১১ | নাউতারা হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ২,০৬,১০০/- | ১,২০০/- |
| ১২ | ডালিয়া গোডাউনের হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৪,৭০৭/- | ৫০০/- |
| ১৩ | কলোনীর হাট-বাজার | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৩,৭৭,০০৬/- | ১,৪০০/- |
| ১৪ | একতা বাবু পাড়া হাট | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ঐ | ৪০,৯৩৩/- | ৫০০/- |

বিস্তারিত তথ্য সম্বলিত দরপত্র ফরম সরকারী ছুটির দিন ব্যতিত দরপত্র দাখিলের পূর্বের দিন পর্যন্ত অফিস চলাকালীন জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী, সহকারী কমিশনার(ভূমি)-এর কার্যালয়, অফিসার ইনচার্জ, ডিমলা থানা, সোনালী ব্যাংক লিঃ ডিমলা শাখা এবং নিম্নস্বাক্ষরকারীর অফিসে নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র ফরম জেলা প্রশাসক, নীলফামারী, পুলিশ সুপারের কার্যালয়, নীলফামারী, সহকারী কমিশনার(ভূমি)-এর কার্যালয়, ডিমলা এবং নিম্নস্বাক্ষরকারীর অফিসে রক্ষিত বাক্সে উল্লেখিত সময়সূচি অনুযায়ী দাখিল করা যাবে ।

## বাংলা ১৪৩১ সনের হাট-বাজার ইজারার শর্তাবলী ঃ-

১। বাংলা ১৪৩১ সনের ১লা বৈশাখ হইতে ৩০ চৈত্র ১ (এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হবে।

২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ডিমলা, নীলফামারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মেটানো হবে।

৩। যার দর গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় উক্ত হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারী মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না।এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীল মোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯। ইজারাদার কোন ক্রমেই তার নামীয় ইজারাকৃত হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা,কাটাকাটি,লেখার উপর লেখা দরপত্র গ্রহনযোগ্য হবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময় হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদার কে প্রদান করা হবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারী দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৭। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরিকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
বিঃদ্রঃ ১ম বার আহবানকৃত কোন হাট-বাজারের দর যদি কমিটি কর্তৃক অনুমোদিত হয় তা হলে ঐ হাট-বাজারটির নাম ২য় বার আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি হতে বাদ দেয়া হয়েছে বলে গণ্য হবে এবং পর্যায়ক্রমে ৩য় বার পর্যন্ত অনুরূপভাবে চলবে।

১৯। এ ছাড়াও দরপত্র সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

০৪/২/২৪

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী।
unodimla@mopa.gov.bd
ফোন-০২৫৮৯-৯৫৯৪০১

স্মারক নং-০৫.৪৭.৭৩১২.০০০.০৫.০০১.২৪- ৮৭(১০০)

তারিখ: ০১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ-

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, নীলফামারী।
৪। পুলিশ সুপার, নীলফামারী।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক( সার্বিক/রাজস্ব )/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নীলফামারী।
৭। উপজেলা নির্বাহী অফিসার/নীলফামারী সদর/সৈয়দপুর/জলঢাকা/ডোমার/কিশোরগঞ্জ, নীলফামারী।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডিমলা, নীলফামারী।
৯। সহকারী কমিশনার(ভূমি), ডিমলা, নীলফামারী।
১০। অফিসার ইনচার্জ, ডিমলা থানা, ডিমলা, নীলফামারী।
১১। উপজেলা......................................................................কর্মকর্তা, ডিমলা, নীলফামারী।
১২। চেয়ারম্যান......................................................................ইউপি, ডিমলা, নীলফামারী।
১৩। ব্যবস্থাপক......................................................................ব্যাংক, ডিমলা, নীলফামারী।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা.................................................ইউনিয়ন ভূমি অফিস, ডিমলা, নীলফামারী।
১৫। ইজারাদার......................................................................হাট-বাজার, ডিমলা, নীলফামারী।
১৬। সভাপতি/সম্পাদক.......................................... প্রেস ক্লাব/বণিক সমিতি/ঠিকাদার সমিতি, ডিমলা, নীলফামারী।
১৭। ম্যানেজার/বিজ্ঞাপন ম্যানেজার, .......................................................তাঁকে তার পত্রিকায় ভিতরের পাতায় ১০˝X ০৩˝ কলামে বর্ণিত বিজ্ঞপ্তিটি ০১(এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব.........................................................................।

০৪/২/২৪

উপজেলা নির্বাহী অফিসার
ডিমলা, নীলফামারী।